

17 FEB 20 3

শিক্ষকের পুত্র জেলে
 বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষিকার কন্যাকে শারীরিকভাবে লাঞ্ছিত করার অভিযোগে অপর এক শিক্ষকের পুত্র এখন জেলে। শিক্ষিকা নিজে বাদী হয়ে রমনা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা দায়ের করলে গত শনিবার সকালে পুলিশ হেল্পকে স্বেচ্ছায় করে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উভয় পক্ষের মাঝে সমঝোতার উদ্যোগ নিয়েছে। অভিযোগ পাওয়া গেছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের এক শিক্ষকের ছেলে হিসাববিজ্ঞান বিভাগের এমবিএ'র ছাত্র টিটু (২৪) তাদের নিচতলায় বাসা ও পুষ্টিবিজ্ঞান ছাত্রটিউটের শিক্ষিকার কলেজ পড়ুয়া ৭-এর ৭:৩-এর কঃ সেখুন

শিক্ষকের পুত্র প্রথম পৃষ্ঠার পর।
 মেয়েকে প্রায়ই উগ্রাক্ত করত। উক্ত শিক্ষিকা এ ব্যাপারে গত কয়েকদিন আগে ডিসির কাছে লিখিত অভিযোগ করেন। গত শুক্রবার দুপুরে টিটু নিচতলায় শিক্ষিকার বাসায় গিয়ে ই-মেইল করতে গেলে তার মেয়ের সাথে কথাকাটাকাটি হয়। এক পর্যায়ে শিক্ষিকার অস্ট্রেলিয়া প্রবাসী মেয়ে বাধা দিলে টিটু তার ওপর চড়াও হয় এবং তাকে শারীরিকভাবে লাঞ্ছিত করে বলে অভিযোগ পাওয়া গেছে। ঘটনার দিন রাত ৮টার দিকে উক্ত শিক্ষিকা রমনা থানায় টিটুকে আসামী করে মামলা (নং-১০) করেন। পরদিন সকাল সাড়ে ৮টার পুলিশ তাকে স্বেচ্ছায় করে। তবে আসামী পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, উক্ত শিক্ষিকার মেয়েরা উদ্ভিদবিজ্ঞান বিভাগের। ঘটনার দিন তাদের মাঝে সামান্য বিষয়ে কথাকাটাকাটি হয়েছে মাত্র। দুই শিক্ষক বিশ্ববিদ্যালয়ের ফিসা বা আবাসিক এলাকার ৫৯ নম্বর ভবনে থাকেন। শিক্ষক কল্যাণ সমিতির সভাপতি জানান, দুই শিক্ষকের মাঝে দ্বন্দ্ব ছিল। তা তাদের সন্তানদের মাঝে প্রভাব ফেলেছে। তবে উভয় শিক্ষক পরিবারের মাঝে আপোষ মীমাসের উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। শীঘ্রই এ ব্যাপারে সমঝোতা করা হবে বলে জানা গেছে।